



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৪৪/১৮২/৪

তারিখঃ ০৯.১০.২০১৮খ্রিঃ

**বিষয়ঃ** মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ৭৯১৮/২০১৮ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ প্রসঙ্গে।

স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৯.১৮-৩০৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন ঝানজিরা আলিম মাদ্রাসার ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া এবং জনাব মোঃ আব্দুল হামিদ অফিস সহকারী হিসেবে নিযুক্ত থাকা সংক্রান্ত এ দণ্ডের নং- বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৪৪/৯১২/৪; তারিখঃ ২৫/০৪/২০১৮ খ্রিঃ স্মারকের বিরুদ্ধে জনৈক মোঃ ইউসুফ আলী তালুকদার মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৭৯১৮/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে উল্লিখিত স্মারকের কার্যক্রমের উপর মহামান্য হাইকোর্ট কর্তৃক স্থগিত আদেশ প্রদান করা হয়েছে।

ইতোমধ্যে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত স্থগিত আদেশ বহাল থাকাকালীন উল্লিখিত স্মারকের কার্যকারিতা স্থগিত থাকবে মর্মে উল্লেখ করে এবং রিট মামলাটি বোর্ড তথা সরকার পক্ষে পরিচালনা করার জন্য মাদ্রাসা অধ্যক্ষকে নং- বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৪৪/৯৭৬/৪ তারিখ- ০১/১০/২০১৮ স্মারকে পত্র দেয়া হয়েছে। (কপি সংযুক্ত)

বিষয়টি তাঁকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮



প্রাপকঃ মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
৩৭/৩/এ রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার(লেভেল-৩)  
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০

অনুলিপি:

১. নাজনীন সুলতানা, সহকারী পরিচালক( অডিট ও আইন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অফিস কপি।